

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৪১/২০১৪

অভিযোগকারী : জনাব অসীম দাস

পিতা-কদম দাস

গ্রাম- আটারই, পোষ্ট-জেয়লা

থানা-তাল

জেলা-সাতক্ষীরা।

প্রতিপক্ষ : চেয়ারম্যান

ও

আপীল কর্তৃপক্ষ (আরটিআই)

১৪ ফিংড়ি ইউ.পি সদর

সাতক্ষীরা।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৫-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব অসীম দাস ২৫-০২-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব আঃ হামিদ, সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ১৪ ফিংড়ি ইউ.পি সদর, সাতক্ষীরা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ২০১৪ সালে ১৪ নং ফিংড়ি ইউনিয়নে কতগুলো ডিপ-টিউবয়েল বরাদ্দ আসছে, তার তথ্য।
- ২০১৪ সালে চলমান ৪০ দিনের কর্মসূচীতে কতজন লোক নিয়োগ করা হয়েছে, তার তথ্য।

০২। প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৩-০৩-২০১৪ তারিখে বাবু মহাদেব ঘোষ, চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), ১৪ ফিংড়ি ইউ.পি সদর, সাতক্ষীরা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৪-০৪-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ১৯-০৫-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১০-০৬-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব অসীম দাস ও প্রতিপক্ষ জনাব আঃ হামিদ, সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ১৪ ফিংড়ি ইউ.পি সদর, সাতক্ষীরা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন তথ্য না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। ইউপি সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ১৪ ফিংড়ি ইউ.পি সদর, সাতক্ষীরা তার বক্তব্যে উল্লেখ করেন যে, তাকে চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হয়েছে। তার নামে সমন জারী হওয়ায় তিনি কমিশনে হাজির হয়েছেন। তিনি আরও উল্লেখ করেন যে, চেয়ারম্যান মহোদয়কে তিনি তথ্য সরবরাহের জন্য অনুরোধ করবেন।

(অ:প্:দ্র:)

০৬। ইউপি সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরখাস্তকৃত হওয়ায় ইউপি চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) এর উপস্থিতিতে অধিকতর শুনানী গ্রহণের জন্য ১৫-০৭-২০১৪ তারিখে শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও আপীল কর্তৃপক্ষকে সমন জারী করা হয়।

০৭। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) গরহাজির। অভিযোগকারী তথ্য কমিশন বরাবরে পত্র প্রেরণপূর্বক উল্লেখ করেন যে, তিনি প্রার্থীত তথ্য প্রাপ্ত হয়েছেন। বর্তমানে তার কোন অভিযোগ নেই বিধায় তিনি অভিযোগটি নিষ্পত্তি করার অনুরোধ জানিয়েছেন। আপীল কর্তৃপক্ষ (আরটিআই) ও ইউপি চেয়ারম্যান তথ্য কমিশন বরাবরে পত্র প্রেরণপূর্বক উল্লেখ করেন যে, তিনি প্রার্থীত তথ্য সরবরাহ করেছেন এবং অভিযোগটি নিষ্পত্তি করার জন্য অনুরোধ জানিয়েছেন।

### পর্যালোচনা।

অভিযোগকারী ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) এর প্রেরিত লিখিত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীকে তার যাচিত তথ্যাদি সরবরাহ করা হয়েছে। অভিযোগকারী প্রার্থীত তথ্য প্রাপ্ত হয়েছেন এবং অভিযোগটি প্রত্যাহারের জন্য অনুরোধ জানিয়েছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

যেহেতু, অভিযোগকারী প্রার্থীত তথ্য পেয়েছেন এবং অভিযোগটি প্রত্যাহার করার জন্য আবেদন করেছেন, সেহেতু, অভিযোগটি প্রত্যাহারের অনুমতি প্রদানসহ নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত

(মোহাম্মদ ফারুক)

প্রধান তথ্য কমিশনার